**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:22-07–2024**
**Time: 07.35–07 . 40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Parliament Session** .

আজ থেকে সংসদের বাজেট অধিবেশন শুরু হচ্ছে। তার আগে গতকাল নয়া দিল্লিতে এক সর্বদলীয় সভা অনুষ্ঠিত হয়। সংসদের উভয় সভার কাজকর্ম সুচারুভাবে সম্পন্ন করার উদ্দেশ্য এই সর্বদলীয় সভার আয়োজন করা হয়। বৈঠক শেষে সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু সাংবাদিকদের বলেন, সরকার খোলা মনে যে কোনও বিষয় নিয়ে আলোচনা করতে প্রস্তুত। তিনি জোর দিয়ে বলেন, সংসদ সুষ্ঠুভাবে পরিচালনা করা সরকার ও বিরোধী উভয় পক্ষেরই দায়িত্ব। মন্ত্রী কিরেন রিজিজু, সংসদের বাজেট অধিবেশন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকলকে সহযোগিতা করার অনুরোধ জানান । বৈঠকে, মূল্যবান পরামর্শ দেওয়ার জন্য , রাজনৈতিক দলগুলির সংসদীয় নেতাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন তিনি।

*************

**Panchayet Election:**

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে আজ মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন। আগামী ৮ ই আগস্ট ভোট গ্রহন এবং ১২ আগস্ট ভোট গননা করা হবে। রাজ্য নির্বাচন কমিশনের সচিব জানিয়েছেন , গ্রাম পঞ্চায়েত নির্বাচনে ৮৮৭৩ টি মনোনয়ন বৈধ

বলে বিবেচিত হয়েছে, পঞ্চায়েত সমিতি নির্বাচনে ৭৫৬ টি মনোনয়ন বৈধ বলে বিবেচিত হয়েছে এবং জিলা পরিষদ নির্বাচনে ৩৬৭ টি মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়েছে ।

*************

**World Heritage Committee.**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ড. মানিক সাহা গতকাল নয়াদিল্লিতে ওয়ার্ল্ড হেরিটেজ কমিটির ৪৬তম অধিবেশনে যোগ দেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রধান অতিথি হিসাবে গতকাল সন্ধ্যায় নয়াদিল্লির ভারত মণ্ডপমে ওয়ার্ল্ড হেরিটেজ কমিটির ৪৬তম অধিবেশনের উদ্বোধন করেন। এই প্রথমবার ভারত, ওয়ার্ল্ড হেরিটেজ কমিটির বৈঠকের আয়োজন করছে, যা ৩১ জুলাই পর্যন্ত অনুষ্ঠিত হবে। ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রণালয় এই অনুষ্ঠানের আয়োজন করেছে ।

ওয়ার্ল্ড হেরিটেজ কমিটি বছরে একবার মিলিত হয় এবং বিশ্ব ঐতিহ্য সম্পর্কিত সমস্ত বিষয় পরিচালনা এবং বিশ্ব ঐতিহ্যবাহী স্থানের তালিকায় লিপিবদ্ধ করার সিদ্ধান্ত নিয়ে থাকে।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা ছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর, কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত ইউনেস্কোর মহানির্দেশক অড্রে আজুলে এবং পরিসংখ্যান ও কর্মসূচী বাস্তবায়ন সংক্রান্ত কেন্দ্রীয় প্রতিমন্ত্রী রাও ইন্দরজিৎ সিং ।

***************

**Shiksha Saptah Week .**

কেন্দ্রীয় স্কুল শিক্ষা ও সাক্ষরতা বিভাগ আজ থেকে চতুর্থতম শিক্ষা সপ্তাহ পালন করার সিদ্ধান্ত নিয়েছে , যা আগামী ২৮ জুলাই পর্যন্ত এক সপ্তাহ ধরে চলবে। শিক্ষা সপ্তাহ উদযাপনের লক্ষ্য হ'ল শিক্ষার্থী, শিক্ষাবিদ এবং সংশ্লিষ্টদের মধ্যে জাতীয় শিক্ষানীতি ২০২০র মাধ্যমে শিক্ষা ক্ষেত্রে যেসব সংস্কার আনা হয়েছে সে সম্বন্ধে অবহিত করা তা আরও ব্যাপকভাবে প্রচারে নিয়ে যাওয়া। শিক্ষা সপ্তাহ চলাকালীন বিভিন্ন থিম ভিত্তিক দিবস পালন করা হবে। এর মধ্যে রয়েছে শিক্ষা – শিক্ষন সামগ্রী দিবস, বুনিয়াদী শিক্ষা ও নিউমেরাসি দিবস , ক্রীড়া দিবস ও সাংস্কৃতিক দিবস।

**********

**From Bangladesh :**

বাংলাদেশে সংরক্ষণ বিরোধী আন্দোলনের জেরে সেদেশে অস্থির পরিস্থিতির কারনে ভারতীয় ছাত্র ছাত্রীদের দেশে ফিরে আসা অব্যাহত রয়েছে।

BSF থেকে জানানো হয়, ত্রিপুরা সীমান্ত দিয়ে বাংলাদেশ থেকে গতকাল আরও ৩১৪ জন ছাত্র ছাত্রী প্রবেশ করে। এর মধ্যে আগরতলা আই সি পি মারফত ১৫২ জন প্রবেশ করেন । তাদের মধ্যে ৬৬ জন নেপালের। তাছাড়া সোনামুড়ার শ্রীমন্তপুর সীমান্ত দিয়ে ১৬২ জন প্রবেশ করেন তারা সকলেই ভারতীয়। কৈলাসহরের মনু স্থল বন্দর দিয়ে গতকাল, বাংলাদেশের সিলেটে পাঠরতা উনকোটি জেলার এক ছাত্রী ভারতে ফিরে আসেন। বি এস এফ– এর পক্ষ থেকে তাকে স্বাগত জানানো হয় ও সহযোগিতা করা হয়।

************

**BSF- 3 new criminal laws:**

বি এস এফ এর  ত্রিপুরা সেক্টর আইন শাখার উদ্যোগে গতকাল নতুন ফৌজদারি আইন এর ওপর এক অনলাইন কর্মশলার আয়োজন করা হয় । বিএসএফ, ত্রিপুরা ফ্রন্টিয়ার এর আই জি - এস. প্যাটেল পীযূষ পুরুষোত্তম দাস এই কর্মশালার উদ্বোধন করে, বি এস এফ  আধিকারিকদের এই আইনগুলি সম্পর্কে অবগত ও সচেতন থাকার জন্য পরামর্শ দেন।

কর্মশালায় অন্ধ্রপ্রদেশ পুলিশ -এর প্রাক্তন আইজি  এবং ব্যুরো অফ পুলিশ রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (বিপিআর অ্যান্ড ডি)-র বিশেষজ্ঞ অবসরপ্রাপ্ত আইপিএস  আধিকারিক  ই দামোদর - সম্প্রতি প্রণীত ও বাস্তবায়িত তিনটি নতুন ফৌজদারি আইন অর্থাৎ ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষী অধিনিয়াম সম্পর্কে বিশদভাবে ব্যাখ্যা ও বিশ্লেষণাত্মক বক্তব্য রাখেন।

কর্মশালায় আধিকারিকরা বলেন, "ভারতীয় ন্যায় ব্যাবস্থা"-র পরিমণ্ডলে ফৌজদারি বিচার ব্যবস্থায়, শাস্তিমূলক থেকে ন্যায়বিচারমুখী দৃষ্টিভঙ্গি নিয়ে আসার প্রয়াস নেওয়া হয়েছে নতুন তিন আইনের মাধ্যমে।

************

**দ্বিতীয় ডিভিশন**:

ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবলের খেলায় আজ কল্যাণ সমিতি ও বীরেন্দ্র ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকাল সাড়ে ৩টায় ম্যাচ শুরু হবে।

************

**Guru Purnima-1:**

গুরু পূর্ণিমা উপলক্ষে সংস্কার ভারতী সংস্থার উদ্যোগে গতকাল সন্ধ্যায় আগরতলার সুকান্ত একাডেমিতে এক অনুষ্ঠানে রাজ্যের ৮ জেলার ৮ জন বিশিষ্ট লোকশিল্পীকে সংবর্ধনা দেওয়া হয়। তাঁরা হলেন সুখিনী দেববর্মা, বেনুভূষণ নাথ, সুবল নাথ, সোনাচাঁদ সিংহা, থাঙামুঙ মগ, কিরন দেববর্মা, অখিলবন্ধু দেবনাথ ও মনিকা রায়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু তাদের হাতে মানপত্র পুষ্পস্তবক উত্তরীয় তুলে দেন।অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে ছিলেন প্রাক্তন উপমুখ্যমন্ত্রী যিষ্ণু দেববর্মা, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গঙ্গা প্রসাদ প্রসেইন, সংস্কার ভারতীর সভাপতি সুবল বিশ্বাস।

গুরু পূর্ণিমা তিথি উপলক্ষ্যে গতকাল রাজ্যে বিভিন্ন দেবালয়ে ও মন্দিরে বিশেষ পূজাপাঠের আয়োজন করা হয়।

***********

**Weather..**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ দুএক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। এছাড়া রাজ্যের ধলাই, সিপাহিজলা, গোমতী, দক্ষিণ ও পশ্চিম জেলার কোথাও কোথাও বজ্র বিদ্যুৎ সহ ভারি বৃষ্টি পাতের সতর্কতা জারি করা

হয়েছে। অন্যান্য জেলাতেও বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগরতলা ও তার আশে পাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ৫.৪ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।।

**************

************